

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর  
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়  
জরুরি সাড়াদান কেন্দ্র (ইওসি)  
www.ddm.gov.bd  
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.১৮৬

তারিখ: ২৬ জ্যৈষ্ঠ ১৪২৯

০৯ জুন ২০২২

বিষয়: দুর্যোগ সংক্রান্ত দৈনিক প্রতিবেদন।

**১। আবহাওয়ার সতর্কবার্তা:**

সমুদ্র বন্দরসমূহের জন্য কোন সতর্ক বার্তা নেই এবং কোন সতর্ক সংকেত দেখাতে হবে না।

২। আজ ০৯ জুন ২০২২ খ্রিঃ তারিখ সকাল ৬ টা থেকে সন্ধ্যা ৬ টা পর্যন্ত দেশের অভ্যন্তরীণ নদীবন্দর সমূহের জন্য আবহাওয়ার পূর্বাভাস:

দিনাজপুর, রংপুর, রাজশাহী, পাবনা, বগুড়া, টাংগাইল, ময়মনসিংহ, ঢাকা, ফরিদপুর, মাদারীপুর, যশোর, কুষ্টিয়া, খুলনা, বরিশাল, পটুয়াখালী, নোয়াখালী, কুমিল্লা, চট্টগ্রাম, কক্সবাজার এবং সিলেট অঞ্চলসমূহের উপর দিয়ে দক্ষিণ/দক্ষিণ-পূর্ব দিক থেকে ঘন্টায় ৪৫-৬০ কি.মি. বেগে বৃষ্টি/বজ্রবৃষ্টিসহ অস্থায়ীভাবে দমকা/ঝড়া হাওয়া বয়ে যেতে পারে। এসব এলাকার নদীবন্দরসমূহকে ১ নম্বর (পুনঃ) ১ নম্বর সতর্ক সংকেত দেখাতে বলা হয়েছে।

৪। আজ ০৯ জুন ২০২২ খ্রিঃ তারিখ সকাল ০৯ টা থেকে পরবর্তী ২৪ ঘন্টার আবহাওয়ার পূর্বাভাস:

সিনপটিক অবস্থাঃ লঘুচাপের বর্ধিতাংশ বিহার থেকে গাঙ্গেয় পশ্চিমবঙ্গো পর্যন্ত বিস্তৃত রয়েছে। মৌসুমী বায়ু বাংলাদেশের উপর মোটামুটি সক্রিয় এবং উত্তর বঙ্গোপসাগরে দুর্বল থেকে মাঝারী অবস্থায় রয়েছে।

পূর্বাভাসঃ রাজশাহী, রংপুর, ময়মনসিংহ ও সিলেট বিভাগের অনেক জায়গায়; ঢাকা ও চট্টগ্রাম বিভাগের বিভাগের কিছু কিছু জায়গায় এবং খুলনা ও বরিশাল বিভাগের দু'এক জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়ার সাথে হালকা থেকে মাঝারী ধরনের বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেই সাথে দেশের উত্তরাঞ্চলের কোথাও কোথাও মাঝারী ধরনের ভারী থেকে ভারী বর্ষণ হতে পারে।

তাপমাত্রাঃ সারাদেশে দিন এবং রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে।

৭২ ঘন্টার আবহাওয়ার অবস্থা (৩ দিন): সামান্য পরিবর্তন হতে পারে।

গতকালের সর্বোচ্চ ও আজকের সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেলসিয়াস):

বিভাগের নাম	ঢাকা	ময়মনসিংহ	চট্টগ্রাম	সিলেট	রাজশাহী	রংপুর	খুলনা	বরিশাল
সর্বোচ্চ তাপমাত্রা	৩৫.৭	৩১.৫	৩৪.৪	৩২.৮	৩৬.০	৩৩.০	৩৬.৪	৩৫.০
সর্বনিম্ন তাপমাত্রা	২৫.০	২২.৫	২৪.৫	২৪.২	২২.৫	২৩.৪	২৭.২	২৮.৭

গতকাল দেশের সর্বোচ্চ তাপমাত্রা ছিল যশোর ৩৬.৪<sup>০</sup> সেঃ এবং আজকের সর্বনিম্ন তাপমাত্রা নেত্রকোনা এবং বদলগাছি ২২.৫<sup>০</sup> সেঃ। (সূত্রঃ বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর, ঢাকা।)

**৫। অগ্নিকান্ড সম্পর্কিত তথ্যঃ**

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের নিয়ন্ত্রণ কক্ষের তথ্য (মোবাইল এসএমএস) থেকে জানা যায়, ০৭ জুন, ২০২২ খ্রিঃ তারিখ রাত ১২.০০টা থেকে ০৮ জুন, ২০২২ খ্রিঃ তারিখ রাত ১২.০০ টা পর্যন্ত সারাদেশে মোট ২৫ টি অগ্নিকান্ডের ঘটনা ঘটেছে। বিভাগভিত্তিক অগ্নিকান্ডে নিহত ও আহতের সংখ্যা নিম্নরূপ:

ক্রঃ নং	বিভাগের নাম	অগ্নিকান্ডের সংখ্যা	আহতের সংখ্যা	নিহতের সংখ্যা
১।	ঢাকা	৪	০	০

২।	ময়মনসিংহ	৪	০	০
৩।	বরিশাল	২	০	০
৪।	সিলেট	১	০	০
৫।	রাজশাহী	৩	০	০
৬।	রংপুর	১	০	০
৭।	চট্টগ্রাম	৪	০	০
৮।	খুলনা	৬	০	০
	মোট	২৫	০	০

### উল্লেখযোগ্য অগ্নিকাণ্ডঃ

চট্টগ্রামঃ জেলা প্রশাসন, চট্টগ্রাম থেকে জানানো হয়েছে যে, চট্টগ্রাম সীতাকুণ্ড উপজেলাধীন সোনাইছড়ি ইউনিয়নের কাশেম জুট মিল এলাকায় অবস্থিত বিএম কনটেইনার ডিপোতে শনিবার রাত আনুমানিক ৮টার দিকে অগ্নিকাণ্ডের ফলে কনটেইনার বিস্ফোবণ হয়ে ভয়াবহ অগ্নিকাণ্ড সংঘটিত হয়। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, চট্টগ্রাম জানান ভয়াবহ অগ্নিকাণ্ডের ঘটনায় মোট ৪১ জনের মৃতদেহ উদ্ধার করা হয়েছে। ৪৩ টি মরদেহের মধ্যে ২৪ জনের মরদেহ শনাক্ত করা সম্ভব হয়েছে। ২২ জনের মরদেহ হস্তান্তর করা হয়েছে। আহত ৯৮ জন বিভিন্ন হাসপাতালে চিকিৎসাধীন রয়েছে। দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় হতে প্রাপ্ত অর্থ থেকে জেলা প্রশাসন কর্তৃক মৃত ব্যক্তিদের পরিবারকে আর্থিক সহায়তা হিসেবে মোট ৫২৫০০০/- টাকা এবং আহতদের চিকিৎসার জন্য মোট ৭৫০০০/- টাকা বিতরণ করা হয়েছে। হতাহতের তথ্য নিরূপনের কাজ চলমান রয়েছে।

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় থেকে অগ্নিকাণ্ডসহ বিভিন্ন প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্তদের সাহায্যার্থে মানবিক সহায়তা হিসেবে বিতরণের জন্য ০৫/০৬/২০২২ খ্রিঃ তারিখ চট্টগ্রাম জেলার অনুকূলে ১,০০,০০,০০০/- (এক কোটি) টাকা নগদ (ত্রাণ কার্য) এবং ১০০০ (এক হাজার) প্যাকেট/বস্তা শুকনা ও অন্যান্য খাবার বরাদ্দ করা হয়েছে।

### ৬। এক নজরে নদ-নদীর পরিস্থিতি ও পূর্বাভাস

দেশের সকল প্রধান নদ-নদীসমূহের পানি সমতল বৃদ্ধি পাচ্ছে।

- আবহাওয়া সংস্থাসমূহের গাণিতিক মডেলভিত্তিক পূর্বাভাস অনুযায়ী, আগামী ৪৮ ঘন্টায় দেশের উত্তরাঞ্চল, উত্তর পূর্বাঞ্চল এবং তৎসংলগ্ন ভারতের আসাম, মেঘালয় ও হিমালয় পাদদেশীয় পশ্চিমবঙ্গের কতিপয় স্থানে মাঝারি থেকে ভারী বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে।
- আগামী ২৪ ঘন্টায় উত্তরাঞ্চলের ব্রহ্মপুত্র-যমুনা, তিস্তা, ধরলা এবং উত্তর-পূর্বাঞ্চল সুরমা-কুশিয়ারাসহ সকল প্রধান নদ-নদীসমূহের পানি সমতল বৃদ্ধি পেতে পারে এবং ভারী বৃষ্টিপাতের প্রেক্ষিতে আগামী ৪৮ ঘন্টায় উত্তর-পূর্বাঞ্চলের কতিপয় স্থানে সাময়িকভাবে বিপদসীমা অতিক্রম করতে পারে।
- আগামী ২৪-৪৮ ঘন্টায় তিস্তা নদীর পানি সমতল বৃদ্ধি পেয়ে বিপদসীমা অতিক্রম করতে পারে।

### নদ-নদীর অবস্থা (আজ সকাল ০৯:০০ টা পর্যন্ত)

পর্যবেক্ষণাধীন পানি সমতল স্টেশন	১০৯	গেজ স্টেশন বন্ধ আছে	০
বৃদ্ধি	৭৯	গেজ পাঠ পাওয়া যায়নি	০
হ্রাস	২৪	মোট তথ্য পাওয়া যায়নি	০
অপরিবর্তিত	০৬	বিপদসীমার উপরে	০০

### বিপদসীমার উপর দিয়ে প্রবাহিত স্টেশন (০৯ জুন, ২০২২ খ্রিঃ সকাল ৯.০০ টার তথ্য অনুযায়ী):

পানি সমতল স্টেশন	নদীর নাম	আজকের পানি সমতল (মিটার)	বিগত ২৪ ঘন্টায় বৃদ্ধি(+)/হ্রাস(-) (সে.মি.)	বিপদসীমা (মিটার)	বিপদসীমার উপরে (সে.মি.)
-	-	-	-	-	-

### বারিপাত তথ্য

গত ২৪ ঘন্টায় বাংলাদেশে উল্লেখযোগ্য বৃষ্টিপাত (গত কাল সকাল ০৯:০০ টা থেকে আজ সকাল ০৯:০০ টা পর্যন্ত) :

স্টেশন	বারিপাত (মি.মি.)	স্টেশন	বারিপাত (মি.মি.)	স্টেশন	বারিপাত (মি.মি.)
সুনামগঞ্জ	১৫৪.০	লরেরগঞ্জ (সুনামগঞ্জ)	১৫০.০	জাফলং (সিলেট)	১৩৪.০
লালাখাল (সিলেট)	১১৯.০	জারিয়াজাঞ্জাইল (নেত্রকোণা)	৯৭.০	ছাতক (সুনামগঞ্জ)	৮৫.০
নাকুয়াগাও (শেরপুর)	৮০.০	সিলেট	৫৬.০	দুর্গাপুর (নেত্রকোণা)	৫৬.০

গত ২৪ ঘন্টায় ভারতের উত্তর পূর্বাঞ্চলের সিকিম, অরুণাচল, আসাম, মেঘালয় ও ত্রিপুরা অঞ্চলে উল্লেখযোগ্য বৃষ্টিপাতের পরিমাণ:

স্টেশন	বারিপাত (মি.মি.)	স্টেশন	বারিপাত (মি.মি.)	স্টেশন	বারিপাত (মি.মি.)
জলপাইগুড়ি (পশ্চিমবঙ্গ)	১৫৭.০	গ্যাংটক (সিকিম)	৩৯.০	চেরাপুঞ্জি (মেঘালয়)	৩২.০

#### ৭। ভূমিধসঃ

সিলেটঃ জেলা প্রশাসন, সিলেট এর পত্র মারফত জানানো হয়েছে যে, গত গত ০৬/০৬/২০২২খ্রিঃ তারিখ ভোর আনুমানিক ৫.০০ঘটি কায় ভারী বর্ষণের ফলে সিলেট জেলার জৈন্তাপুর উপজেলার চিকনগুল ইউনিয়নের পূর্ব সাতজনী গ্রামে সৃষ্ট পাহাড় ধসে মাটি চাপা পড়ে ৪ জন লোক নিহত এবং ৫ জন আহত হয়। ঘটনার খবর পেয়ে উপজেলা প্রশাসনের কর্মকর্তাগণ ও ফায়ার সার্ভিসের কর্মীগণ ঘটনাস্থল পরিদর্শন করেন এবং আহত ও নিহতদের উদ্ধার করা হয়। আহতদের চিকিৎসার জন্য স্থানীয় উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এবং সিলেট ওসমানী মেডিকেল কলেজ হাসপাতালে প্রেরণ করা হয়। দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় হতে দেয়া অর্থ থেকে জেলা প্রশাসন কর্তৃক প্রত্যেক মৃত ব্যক্তির পরিবার প্রতি ২০,০০০/- টাকা হারে ৮০,০০০/- টাকা এবং প্রত্যেক আহত ব্যক্তিকে ৫,০০০/- টাকা করে মোট ২৫,০০০/- টাকাসহ সর্বমোট ১,০৫,০০০/ টাকা আর্থিক সহায়তা প্রদান করা হয়েছে।

৯-৬-২০২২

কামরুন নাহার

ভারপ্রাপ্ত কর্মকর্তা

ফোন: ৮৮০-৫৮৮১১৬৫১

ফ্যাক্স: ৮৮০-২-৯৮৯১৯২৬

ইমেইল:

controlroom.ddm@gmail.com

ভারপ্রাপ্ত কর্মকর্তা-১

এনডিআরসিসি অনুবিভাগ

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.১৮৬/১(১৭১)

তারিখ: ২৬ জ্যৈষ্ঠ ১৪২৯

০৯ জুন ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ সচিব-এঁর দপ্তর, মন্ত্রিপরিষদ বিভাগ
- ২) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
- ৩) সিনিয়র সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
- ৪) সিনিয়র সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ
- ৫) সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
- ৬) মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
- ৭) বিভাগীয় কমিশনার (সকল)
- ৮) পরিচালক (সকল)
- ৯) জেলা প্রশাসক (সকল)
- ১০) উপ-পরিচালক (সকল)
- ১১) প্রতিমন্ত্রীর একান্ত সচিব, মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের দপ্তর, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
- ১২) জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা

১৩) সহকারী পরিচালক , যানবাহন শাখা, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর



৯-৬-২০২২

কামরুন নাহার

ভারপ্রাপ্ত কর্মকর্তা